স্মারক নংঃ REOA/EC/2025/003 তারিখঃ ২৯/১২/২০২৫ইং

## আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন (REOA) এর নির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী

গত ১৭/১২/২০২৫ইং তারিখে বাড়ী-৩১, রোড-১/ডি, নিকুঞ্জ-২, খিলক্ষেত ঢাকায় REOA - এর নির্বাহী কমিটির সভাপতি জনাব নূরুল ইসলাম ভূঞা এর সভাপতিত্বে কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে REOA - এর নির্বাহী কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। কমিটির বিশেষ আমন্ত্রণে অন্তর্বর্তীকালীন নির্বাহী কমিটির আহ্বায়ক জনাব আব্দুর রহিম সভায় উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও স্বাগত জানান। এরপর তিনি সাধারণ সম্পাদক জনাব এস এম জাফর সাদেককে সভা পরিচালনার অনুরোধ করেন। সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সাধারণ সম্পাদক সভার আলোচ্য সূচি অনুযায়ী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

১. **নবনির্বাচিত নির্বাহী কমিটির দায়িত্ব গ্রহণ:** গত ১৩/১২/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ফলাফলের ভিত্তিতে REOA - এর নবনির্বাচিত কমিটি দায়িত্বভার গ্রহণ করেন।

২. **দোয়া:** প্রয়াত ও অসুস্থ সদস্যেদের জন্য এবং আগামী দিনে কমিটির পথচলার শুভকামনায় দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন সহ সভাপতি জনাব শাহ্ নেওয়াজ খান।

এরপর অন্যান্য আলোচ্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সবার সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. **নির্বাহী কমিটিতে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ:** গঠনতন্ত্রের অনুচেছদ ৭ (১-ট) অনুযায়ী নিম্লোক্ত ২ জন সদস্যকে নির্বাহী কমিটির নতুন সদস্য হিসেবে মনোনীত করা হয়:
   ১) জনাব মোজাম্মেল হক
   ২) জনাব দুলাল চন্দ্র সাহা

৪. **উপদেষ্টা কমিটি গঠন:** গঠনতন্ত্রের অনুচেছদ ৭ (২) অনুযায়ী নিম্লোক্তভাবে ৭ সদস্যের উপদেষ্টা মণ্ডলী গঠন করা হয়:
   ১) জনাব মাহফুজুর রহমান - প্রধান উপদেষ্টা
   ২) সৈয়দ সারওয়ার হোসাইন - উপদেষ্টা
   ৩) জনাব আব্দুর রহিম - উপদেষ্টা
   ৪) মোঃ নজরুল ইসলাম (৩) - উপদেষ্টা
   ৫) জনাবা পারভীন সুলতানা - উপদেষ্টা
   ৬) জনাব মোঃ তারিক হায়দার - উপদেষ্টা
   ৭) জনাব হাজারী লাল সরকার - উপদেষ্টা

৫. **সাংগঠনিক কমিটি গঠন:** গঠনতন্ত্রের অনুচেছদ ৭ (৩) অনুযায়ী নিম্লোক্ত ৪ জন সদস্যকে সাংগঠনিক কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হয়:
   ১) জনাবা খালেদা ইয়াসমীন
   ২) জনাব মোঃ শাহ আলম

৩) জনাব মোঃ ওয়ালিউল্লাহ মিয়া
৪) জনাব তপন কুমার গোলদার

৬. **আগামী ১ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন:** REOA - এর গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে বছরব্যাপী নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহিত হয়:

১) পবিবোর সাথে সম্পর্ক: পবিবোর সাথে দৃঢ় সম্পর্ক স্থাপন এবং নিয়মিত যোগাযোগ রাখা হবে।

২) কল্যাণমূলক: অসুস্থ সদস্যর খোঁজ নেয়া এবং প্রয়োজনে পাশে থাকা

৩) ক্রীড়া/ভ্রমন/পূনর্মিলনী: নিয়মিত প্রাতঃভ্রমন বা বৈকালিক ভ্রমনের পর চা চক্র বা নাশতার আয়োজন করা হবে। দেশে বা বিদেশে গ্রুপ/ খন্ড খন্ড ভ্রমনের পরিকল্পনা করা হবে। বছরে একবার পিকনিকের আয়োজন করা হবে।

৪) সাংস্কৃতিক অনুষ্ঠান: নববর্ষসহ বিভিন্ন দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

৫) সদস্য সংগ্রহ অভিযান : আগামী জুন ২০২৬ এর মধ্যে আজীবন সদস্য সংখ্যা ২৫০ করবার প্রচেষ্টা চালানো হবে। এছাড়া এই অভিযান সবসময়ই চলমান থাকবে।

৬) স্বাস্থ্যগত সুযোগ সুবিধা বৃদ্ধি: বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারের সাথে যোগাযোগ করে REOA - এর সদস্যদের জন্য ডিসকাউন্ট/সুবিধাদি আদায়ের প্রচেষ্টা গ্রহণ করা হবে।

৭) সেমিনার আয়োজন: পবিবো বিতরণ ব্যবস্থা/বিদ্যুৎ খাতসহ জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষজ্ঞদের নিয়ে সেমিনারের আয়োজন করা হবে।

৭. **উপ-কমিটি গঠন:** উপরে উল্লিখিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হয়:

১) পবিবোর সাথে সম্পর্ক বিষয়ক উপ-কমিটি:

১. জনাব শেখ নুরুল আবসার - আহ্বায়ক
২. জনাব নুরুল ইসলাম ভূঞা - সদস্য সচিব
৩. জনাব শাহ্ নেওয়াজ খান - সদস্য
৪. জনাব মোঃ বজলুর রহমান - সদস্য
৫. জনাব এস এম জাফর সাদেক - সদস্য
৬. জনাব অঞ্জন কান্তি দাশ - সদস্য

২) ক্রীড়া সাংস্কৃতিক ও কল্যাণ উপ-কমিটি:

১. জনাব শাহ্ নেওয়াজ খান - আহ্বায়ক
২. জনাব মোঃ খালেদ হোসেন - সদস্য সচিব
৩. জনাব কুমার চন্দ্র মন্ডল - সদস্য
৪. জনাব মোঃ নুরুজ্জামান - সদস্য
৫. জনাব মোঃ মোস্তফা - সদস্য
৬. জনাবা লতিফা আকতার জাহান - সদস্য

৩) স্বাস্থ্যগত সুযোগ সুবিধা বিষয়ক উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোজাম্মেল হক | - আহ্বায়ক |
| ২. | জনাব এম এ রশিদ | - সদস্য সচিব |
| ৩. | জনাব দুলাল চন্দ্র সাহা | - সদস্য |

পরবর্তীতে কাজের স্বার্থে প্রয়োজনীয় উপ-কমিটি গঠন ও নতুন সদস্য কো-অপ্ট করা হবে।

৮. **বিবিধ:** বিবিধ পর্যায়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

১) চূড়ান্ত কোন সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপাততঃ বাড়ী-৩১, রোড-১/ডি, নিকুঞ্জ-২, খিলক্ষেত - এই ঠিকানা REOA - এর অস্থায়ী কার্যালয় হিসাবে গণ্য হবে।

২) গঠনতন্ত্রের অনুচেছদ ১০ (খ) ও (গ) অনুযায়ী জনতা ব্যাংক পবিবো শাখায় REOA - এর ব্যাংক হিসাব খোলা হবে এবং সেখানে ৩ (তিন) লক্ষ টাকার ৩ মাস মেয়াদের এফডিআর করা হবে।

৩) সহকারী সাধারণ সম্পাদক এবং দপ্তর সম্পাদক নির্বাহী কমিটির সভার বিজ্ঞপ্তি/ কার্যপত্র/ কার্যবিবরণীর খসড়া প্রণয়ন করে সাধারণ সম্পাদকের কাছে দাখিল করবেন।

৪) নির্বাহী কমিটি ও অন্যান্য সভায় ছবি তোলার দায়িত্ব পালন করবেন জনাব এ বি এম মাহমুদ হোসেন এবং জনাব আব্দুস সামাদ।

৫) REOA – এর হোয়াটসআপ গ্রুপে দেশ, সংগঠন, রাজনীতি বা ধর্ম বিষয়ে কোনও বিরূপ মন্তব্য বা ব্যাক্তিগত আক্রমন বাঞ্চনীয় নয়। এই বিষয়টি পর্যবেক্ষনের দায়িত্ব পালন করবেন জনাব কুমার চন্দ্র মন্ডল এবং জনাব এ বি এম মাহমুদ হোসেন।

সবশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস এম জাফর সাদেক)
সাধারন সম্পাদক
আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন

(মোঃ নুরুল ইসলাম ভূঞা)
সভাপতি
আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন